গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫১/২০১৭-১৮

ঢাকা, রোববার ৪ ফেব্রুয়ারি ২০১৮, ২২ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শপথ নিলেন নতুন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন

২। আজ আসছেন সুইস প্রেসিডেন্ট

৩। বাংলাদেশ থেকে ওষুধ আমদানি বাড়াবে ভুটান : প্রধানমন্ত্রী টাবাগের সাথে শিল্পমন্ত্রীর বৈঠক

৪। গণতন্ত্রের পাহারাদার গণমাধ্যম : বগুড়ায় সাংবাদিকদের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৫। মুনাফার চিন্তা ত্যাগ করে শিক্ষার উন্নয়নে অবদান রাখতে হবে : বেসরকারি বিশ্ববিদ্যালয় উদ্যোক্তাদের শিক্ষামন্ত্রী

৬। নিরাপদ খাদ্য নিশ্চিতে সবাইকে সচেতন হতে হবে : সেমিনারে খাদ্যমন্ত্রী

৭। পুলিশের ওপর হামলায় জড়িতদের গ্রেফতার করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে পাইলট প্রকল্প শুরু শীঘ্রই : ডাম্পট্রাক হস্তান্তরকালে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। বিশ্ব ক্যান্সার দিবস আজ

১০। হবিগঞ্জের দুর্গম পাহাড়ি অঞ্চলে ১০টি ট্যাংক বিধ্বংসী রকেট উদ্ধার করেছে র‍্যাব

চলমানপাতা/২

১। শপথ নিলেন নতুন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন

দেশের ২২তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিনিয়র বিচারক বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) সন্ধ্যা ৭টা ১০ মিনিটে বঙ্গভবনের দরবার হলে প্রধান বিচারপতিকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩)।

২। আজ আসছেন সুইস প্রেসিডেন্ট

চারদিনের সরকারি সফরে আজ (৪ ফেব্রুয়ারি রোববার) বাংলাদেশে আসছেন সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে। তাঁর সফরে রোহিঙ্গা সংকট এবং দুই দেশের মধ্যে সম্পর্ক জোরালো করার বিষয়টি গুরুত্ব পাবে। এ ছাড়া বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্কের ওপর জোর দেওয়ার পাশাপাশি, উভয় দেশ অর্থনৈতিক উন্নয়ন ও সাংস্কৃতিক সহযোগিতা জোরদারে আলোচনা করবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। বাংলাদেশ থেকে ওষুধ আমদানি বাড়াবে ভুটান : প্রধানমন্ত্রী টাবাগের সাথে শিল্পমন্ত্রীর বৈঠক

বাংলাদেশ থেকে অধিক পরিমাণে ওষুধ আমদানির আগ্রহ প্রকাশ করেছেন ভুটানের প্রধানমন্ত্রী তেহরিং টাবাগে। তিনি জানান, গুণগতমানের জন্য বাংলাদেশি ওষুধ ক্রমেই তাদের দেশে জনপ্রিয় হচ্ছে। 'এডভানটেজ আসাম' শীর্ষক আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলন উপলক্ষে ভারতের আসাম সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে তিনি এ আগ্রহের কথা জানান। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) আসামের গৌহাটিতে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৪। গণতন্ত্রের পাহারাদার গণমাধ্যম : বগুড়ায় সাংবাদিকদের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণমাধ্যম হলো গণতন্ত্রের পাহারাদার। গণমাধ্যম জনগণের কণ্ঠস্বর হবে, জাতির বিবেক হবে। গণমাধ্যম একাত্তর ও নব্বইয়ের গণআন্দোলনের সময় যে ভূমিকা রেখেছিল, বর্তমানে তেমন ভূমিকা রাখা প্রয়োজন। গণতন্ত্র গতিশীল রাখতে সাংবাদিকদের বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) তিনি বগুড়া প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.১৪,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮)।

৫। মুনাফার চিন্তা ত্যাগ করে শিক্ষার উন্নয়নে অবদান রাখতে হবে : বেসরকারি বিশ্ববিদ্যালয় উদ্যোক্তাদের শিক্ষামন্ত্রী

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা ও সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এ জন্য বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে। শিক্ষামন্ত্রী গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর কুড়াতলিতে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি)-এর ১৮তম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

৬। নিরাপদ খাদ্য নিশ্চিতে সবাইকে সচেতন হতে হবে : সেমিনারে খাদ্যমন্ত্রী

নিরাপদ খাদ্য আইন-২০১৩ কঠোরভাবে কার্যকর করা হবে উল্লেখ করে খাদ্যমন্ত্রী এডভোকেট কামরুল ইসলাম বলেছেন, নিরাপদ খাদ্য নিশ্চিতে শুধু আইন করলেই হবে না, উৎপাদক থেকে ভোক্তা, সবাইকে সচেতন হতে হবে। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে আয়োজিত এক সেমিনারে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

৭। পুলিশের ওপর হামলায় জড়িতদের গ্রেফতার করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী নির্বাচনকে সামনে রেখে হয়রানি নয় বরং আসামি ছিনতাই, পুলিশের ওপর হামলা, প্রিজনভ্যান ও পুলিশের অস্ত্র ভাঙচুরের মতো সন্ত্রাসী কর্মকাণ্ডে যারা জড়িত তাদের গ্রেফতার করা হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে পাসপোর্ট সেবা সপ্তাহের আয়োজন করে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদফতর। এবার পাসপোর্ট সপ্তাহের প্রতিপাদ্য হচ্ছে 'পাসপোর্ট নাগরিক অধিকার, নিঃস্বার্থ সেবাই অঙ্গীকার'। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

৮। কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে পাইলট প্রকল্প শুরু শীঘ্রই :
ডাম্পট্রাক হস্তান্তরকালে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

শীঘ্রই কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের একটি পাইলট প্রকল্প শুরু হতে যাচ্ছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) জিনজিরা বাসরোড এলাকায় কেরানীগঞ্জ উপজেলা পরিষদ আয়োজিত ডাম্পট্রাক ও পুলিশভ্যান হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। অনুষ্ঠানে এনার্জি প্যাক পাওয়ার জেনারেশন লি. কেরানীগঞ্জ মডেল থানাকে দু'টি পুলিশ ভ্যান ও বর্জ্য সরিয়ে নেওয়ার জন্য ৪টি ডাম্পট্রাক প্রদান করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৪)।

৯। বিশ্ব ক্যান্সার দিবস আজ

বিশ্বের অন্যান্য দেশের মতো আজ বাংলাদেশে পালিত হচ্ছে বিশ্ব ক্যান্সার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'আমি পারি, আমরা পারি।' ২০১৬ সাল থেকে এ প্রতিপাদ্যে দিবসটি পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষে বাংলাদেশ ক্যান্সার সোসাইটি, জাতীয় ক্যান্সার গবেষণা ইন্সটিটিউট ও হাসপাতাল এবং ইউনাইটেড হাসপাতাল র‌্যালি, আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। বাংলাদেশে প্রতি বছর নতুন করে লক্ষাধিক মানুষ ক্যান্সারে আক্রান্ত হয়। জনসংখ্যা অনুপাতে দেশে কমপক্ষে **১৬শ'** ক্যান্সার বিশেষজ্ঞ থাকা প্রয়োজন হলেও সব মিলিয়ে আছেন মাত্র দেড়শ' জনের মতো। বিশেষজ্ঞ স্বল্পতা এবং সীমিত চিকিৎসাব্যবস্থার কারণে আক্রান্তদের বেশির ভাগই থেকে যান সেবার বাইরে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

১০। হবিগঞ্জের দুর্গম পাহাড়ি অঞ্চলে ১০টি ট্যাংক বিধ্বংসী রকেট উদ্ধার করেছে র‌্যাব

হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার দুর্গম পাহাড়ি অঞ্চল সাতছড়ি জাতীয় উদ্যানের গভীর বনাঞ্চলে অস্ত্র ও গোলাবারুদের মজুদ পেয়েছে র‌্যাব। গত ২ ফেব্রুয়ারি শুক্রবার সন্ধ্যার পর থেকে গতকাল (৩ ফেব্রুয়ারি শনিবার) দুপুর পর্যন্ত ২০ ঘণ্টারও বেশি সময় ধরে চলা অভিযানে ১০টি ট্যাংক বিধ্বংসী রকেট উদ্ধার করেছে র‌্যাব। র‌্যাবের গণমাধ্যম শাখার পরিচালক কমান্ডার মুফতি মাহমুদ খান বলেন, অভিযানে বিভিন্ন বাঙ্কার খুঁড়ে ১০টি রকেট লঞ্চার উদ্ধার করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পাসপোর্ট অফিসের নানা হয়রানি দূর করে সেবার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সুন্দরবন সংলগ্ন লোকালয়ে বন্যপ্রাণী ঢুকে পড়ার খবর উল্লেখ করে সুন্দরবনে বন্যপ্রাণীর বসবাসের অনুকূল পরিবেশ সৃষ্টির আহ্বান।

গ. **ভোরের কাগজ :** দেশের অর্থনীতির সমৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টিতে ই-কমার্স খাত অবদান রাখছে উল্লেখ করে এ খাতের পুরোপুরি সুফল পেতে ই-কমার্স ব্যবসার নীতিমালা প্রণয়ন ও এর আলোকে বিধিবিধান কার্যকর করার সুপারিশ।

ঘ. **সমকাল :** সাইবার অপরাধের কারণে রাজধানীতে প্রায় আড়াইশ' মামলা হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সাইবার অপরাধ নিয়ন্ত্রণে কার্যকর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বাড়ির আঙ্গিনাসহ কৃষকপর্যায়ে অর্গানিক সবজি চাষে ব্যাপক সাফল্য অর্জনে প্রয়োজনীয় প্রশিক্ষণ, বীজ, চারাগাছ ও অর্গানিক সার ভর্তুকি মূল্যে সরবরাহে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** ই-বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনা করা না হলে ফুড চেইনে ই-বর্জ্যের কঠিন ধাতু মিশে গিয়ে তা জনস্বাস্থ্যের জন্য হুমকি হয়ে পড়ার আশঙ্কা প্রকাশ।

ছ. **নিউজ টুডে, ডেইলি সান :** বেশি বেশি সার প্রয়োগ করে একই জমিতে বছরে চারবার ফসল ফলানোর প্রভাবে চাষযোগ্য ভূমির ফসফরাস, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামের মাত্রা ক্রমান্বয়ে কমে যাওয়ায় জমির উর্বরা শক্তি বাড়াতে ভারসাম্য চাষাবাদের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউ এজ :** ক্ষতিগ্রস্ত সড়ক মহাসড়কগুলো মানসম্পন্নভাবে অতিদ্রুত মেরামত করে যান চলাচল নিরাপদ করার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অবসরভোগীদের টাকা প্রাপ্তি সহজসাধ্য করায় অভিনন্দন জানিয়ে বৃহৎ বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের ব্যবস্থা করতে পর্যাপ্ত চাকুরির ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সব ক্যান্সারের জয় সম্ভব নয়, কিন্তু প্রতিরোধী আলোকশিখায় বেঁচে থাকতে পারে লক্ষ প্রাণ।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **'নারীর অধিকার প্রাপ্তি নিশ্চিত করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারীর অধিকার রক্ষায় পরিবার থেকেই সমমর্যাদা প্রদর্শন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮